2000Rs.

INDIA NON JUDICIAL

२000रु.

Rs 2000

सत्यमेव जयते

भारत

दो हजार रुपये TWO THOUSAND RUPEES

# দানপত্র দলিল

***********

Market Value of the property assessed
Rs. 851520/- Deficit Stamp duty amounting
to Rs. 17576/- realised by a Bank draft of
S. B. I. Durgapur vide draft No. 652807/916 107298
dated 3.1.02 Subsequent Regn fees amounting
to Rs. 387/- Rupees ...
has been realised.

Collector
U/S 41 & 42 (I)
A.D.S.R. Durgapur 4/01/2002

দানপত্র গ্রহীতা :- শ্রী পিতাম্বর দাস, পিতা শ্রী তারকনাথ দাস, জাতি হিন্দু, পেশা-ব্যাবসায়, সাকিন-ফুলঝোড়, জহরলাল নেহেরু এভিনিউ, থানা- এন.টি.পি.এস. দুর্গাপুর - ৬, জেলা- বর্ধমান।

দানপত্র দাতাগণ :- (১) শ্রী তারকনাথ দাস, পিতা বঙ্কিম বিহারি দাস, জাতি হিন্দু, পেশা -স্বেচ্ছায় অবসর প্রাপ্ত সাকিন ফুলঝোড়, জহরলাল নেহেরু এভিনিউ, থানা এন.টি.পি.এস. দুর্গাপুর-৬, জেলা - বর্ধমান এবং

.....পৃষ্ঠা -২

4 JAN 2002

Sl No. 1130 Date 21/11/01
Sold to Somnath Banerjee
Address Dgp
Value of Stamps 2000/-
Date of Purchase of this
Stamp paper from treasury 7/11/01
Name of the Treasury
from where Purchased ADDL. SUB-REGISTRAR DURGAPUR

Addl. Dist. Sub-Registrar, Durgapur, Dist. Burdwan
JITENDRA NATH MANDAL
Stamp Vendor
Durgapur Court, DSP
Licence No.-7/89

Presented for Registration at 12.30 pm on the 26th day of Nov 2001 in the office of the A. D. S. R. Durgapur by Tarak Nath Das
Executant / Claimant

Tarak Nath Das
S/o Lt Bankim Behari Das of Fulghore
Dgp ... Hindu Retired

Manjulika Das
W/o Tarak Nath Das
Of Fulghora
Thana ...
Dist. Dgp
by caste Hindu
by Profession H/wife

Ouly

6 [Bengali signature]

Addl. Dist Sub-Registrar
Durgapur, Dist-Burdwan

26 NOV 2001

6306

6 [Bengali signature]

6307

Identified by me
Purusottam Biswas
S/o Saitendra Kishore Biswas
Of Benachity
S/o / W/o
Of Subhashpally
Thana ...
Dist. Dgp
by caste Hindu
by Profession Cattle

Addl. Dist Sub-Registrar
Durgapur, Dist-Burdwan

26 NOV 2001

500Rs.

INDIA NON JUDICIAL

৫০০ রু.  Rs 500

सत्यमेव जयते

भारत

पाँच सौ रुपये FIVE HUNDRED RUPEES

-: ২ :-

(২) শ্রীমতী মঞ্জুলিকা দাস, স্বামী শ্রী তারকনাথ দাস, জাতি হিন্দু, পেশা - গৃহস্থালী, সাকিন - ফুলঝোড়, জহরলাল নেহেরু এভিনিউ, থানা- এন.টি.পি.এস, জেলা- বর্ধমান।

কস্য শুভ দানপত্র দলিল মিদং কার্য্যঞ্চাগে।

26 NOV 2004

......পৃষ্ঠা - ৩

500 N, 2000 N, 2500

Sl No 1131 Date 21/11/01
Sold to Somnath Banerjee
Address ...
Value of Stamps... 500/-
Date of Purchase of this
Stamp paper from Treasury 17/10/01
Name of the Treasury
from where Purchased- DURGAPUR

JITENDRA NATH MONDAL
Stamp Vender
Durgapur Court, DGP-16
Licence No.-7 / 69

Addl. Dist Sub-Registrar, Durgapur Dist. Burdwan

Addl. Dist. Sub-Registrar
Durgapur, Dist.-Burdwan

26 NOV 2001

নিম্ন তপশীলে বিশেষ রূপে বর্ণিত বাস্তু জমি যায় তদুপরিস্থিত পাকা গৃহাদি আকর আওলাআদি যাহা এতদ্দারা দান করা হইতেছে এবং অত্র দলিলে যাহা অতঃপর উক্ত সম্পত্তি বলিয়া উল্লিখিত হইল, যাহার মোট আনুমানিক মূল্য ৫,০০,০০০ পাঁচ লক্ষ টাকা, তাহা অত্র দলিল দাতাগণের দুইটি সাফ কোবালা মূলে শ্রী মৃণাল কান্তি দাস, শ্রী মুকুল কান্তি দাস সকলের পিতা মৃত রবীন্দ্রনাথ দাস, জাতি হিন্দু, পেশা চাকুরী, সর্ব সাকিন - বি-২। ২৬১।১ ডি.কে.নগর, দুর্গাপুর-১০, এর নিকট হইতে ইংরাজী সন ২২.১.৯২ তারিখে ক্রীত, বর্ধমান জেলার অন্তর্গত দুর্গাপুরের সাব রেজিষ্ট্রী অফিস সাধীন -৮২ নং জে.এল. উক্ত মৌজা - ফুলঝোড় মধ্যে খতিয়ান নং ১৫২ একশত বাহান্ন দাগ নং ৪৮৯ চারশত উননব্বই, বাস্তু উপযোগী পরিমান ১০ শতক মধ্যে ০৫ শতক পাঁচ শতক + ০৫ শতক পাঁচ শতক দুইটি কোবালা মারফৎ তৎকালিন দুর্গাপুর নোটিফায়েড এরিয়া অথরিটি কর্তৃক ইংরাজী ১৯৯৩ সালে অনুমোদিত প্ল্যান বা নক্সা অনুসারে নির্মিত একতল বাড়ি যাহা বর্তমানে দুর্গাপুর মিউনিসিপ্যাল কর্পোরেশনের ২৫ নং ওয়ার্ড উক্ত, পোষ্টাল এ্যাড্রেস -ফুলঝোড় জহরলাল নেহেরু এভিনিউ, থানা- এন.টি.পি.এস., দুর্গাপুর-৬, জেলা-বর্ধমান।

প্রকাশ থাকে যে অত্র দলিল দাতাগণের মধ্যে প্রথমোক্ত জন অর্থাৎ শ্রী তারকনাথ দাস দুর্গাপুরস্থ মাইনিং এ্যান্ড এলায়েড মেসিনারি কর্পোরেশনের অধীনে চাকুরীজীবি ছিলেন এবং বর্তমানে উক্ত চাকুরী হইতে অবসর গ্রহণের পর দলিলের দ্বিতীয় দাতা তাহার স্ত্রী শ্রীমতি মঞ্জুলিকা দাস অত্র দলিলের গ্রহীতা তাহাদের কনিষ্ঠ পুত্র শ্রীমান পিতাম্বর দাস তাহার স্ত্রী শ্রীমতি প্রতিমা দাস ও তাহাদের সদ্যজাত কণ্যার সহিত সুখে শান্তিতে বসবাস করিতেছেন।

আরও প্রকাশ আছে যে অত্র দলিল দাতা গণের প্রথমোক্তজন সম্পূর্ণরূপে তাহার স্ব-উর্পাজিত অর্থে এবং দ্বিতীয়োক্ত জন তাহার স্বামীর উর্পাজিত অর্থে নিম্ন তপশীল বর্ণিত জমি ক্রয় করিয়া একটি প্লটে একতল পাকা বাড়ী নির্মাণ করেন এবং পাশে একটি ফাঁকা প্লট ব্যবহার করিতেছেন এবং উক্ত সম্পত্তিতে নিব্যূঢ় স্বত্বে স্বত্ববান হইয়া ভোগদখল করিতেছেন এবং দুর্গাপুর মিউনিসিপ্যাল কর্পোরেশনের রেকর্ডে তাহাদের নাম পত্তন করাইয়া অদ্যাবধি নিজ নামে খাজনা দিয়া আসিতেছেন।

আরও প্রকাশ থাকে যে, অত্র দলিল দাতা গণ তাহাদের একমাত্র কণ্যা কুমারী রত্না দাসকে কয়েক বৎসর পূর্বে সাধ্যমত ব্যয় করিয়া বিবাহ দিয়াছেন এবং রত্না বর্তমানে তাহার স্বামী শ্রী সাধন মান্না, পিতা স্বর্গীয় কমল কৃষ্ণ মান্না, পেশা- ব্যাঙ্ক কর্মচারী, সাকিন ১।১১ সত্যজিৎ রায় সরণী, শরত পল্লী দুর্গাপুর-৬, জেলা-বর্ধমান, তাহার একমাত্র কণ্যা সংহতি মান্নার সহিত সুখে শান্তিতে সংসার জীবন যাপন করিতেছে। আরও প্রকাশ আছে ভবিষ্যতে সংহতি মান্নাকে অত্র দলিল দাতাগণ সাধ্যমত কিছু উপহার দেবেন।

আরও প্রকাশ থাকে যে অত্র দলিল দাতাগণের জ্যেষ্ঠ পুত্র শ্রীমান আদিত্য নারায়ন দাস তাহার পিতা ও মাতার শত চেষ্টা সত্ত্বেও অপদার্থ ও অমানুষ হওয়ায় এবং তাহার স্ত্রী মিঠু দাসের অত্যাচারে বিপর্যস্ত তাহার শ্বশুর ও শ্বাশুড়ী অর্থাৎ শ্রী তারকনাথ দাস ও শ্রীমতি মঞ্জুলিকা দাস তাহাদের স্বউপার্জিত সম্পত্তি হইতে তাহাদের বঞ্চিত করিবার মনস্থ করিয়া এই দানপত্র দলিল সম্পাদন করিল। ইহাও প্রকাশ থাকে যে তাহাদের একমাত্র পুত্র শ্রী অনমিত্র দাস নিষ্পাপ ও অপাপবিদ্ধ হওয়া সত্ত্বেও অত্র দলিল দাতাগণ এই দলিল সম্পাদন করিল এই জ্ঞানে যে ভবিষ্যতে তাহার জন্য অন্য কোন প্রকার ব্যবস্থা করা যাইবে।

শ্রীমান পিতাম্বর দাস আমাদের পরম স্নেহধন্য কনিষ্ঠ পুত্র হইতেছে। তোমার কর্তব্যবোধ, সেবা যত্নে আমরা মুগ্ধ হইয়াছি। আমাকে এবং তোমার মাতা শ্রীমতি মঞ্জুলিকা দাসকে তুমি সর্বদাই দেখাশুনা করিয়া আসিতেছ। তোমার কষ্টসাধ্য উপার্জিত অর্থের সিংহভাগ তুমি আমাদের জন্য ব্যয় করিয়া আসিতেছ। সংসারের যাবতীয় কাজকর্ম চাকুরী হইতে আমার অবসর গ্রহণের পর এবং তোমার মাতার শরীর অশক্ত হওয়ার পর হইতে তুমিই করিয়া আসিতেছ। আমি এবং তোমার মাতা কখনও অসুস্থ হইলে তোমাকে বিচলিত হইতে দেখিয়া আমাদের মন অস্থির হইয়া ওঠে।

আমরা ইহাও গভীর ভাবে বিশ্বাস করি যে আমার অবর্তমানে তুমি, তোমার মাতার প্রতি আরও যত্নবান হইবে এবং তোমার মাতার অবর্তমানে একইভাবে আমার প্রতি আরও অধিকভাবে যত্নবান হইবে এবং যতদিন আমরা

......পৃষ্ঠা -৫

দুজনেই বা আমাদের মধ্যে একজন বাঁচিয়া থাকিব তাহাকে তোমার কাছে রাখিবে এবং আমাদের দুজনেরই বা একজনের মৃত্যু হইলে অপরজনের ভরণপোষণ সেবা-যত্নের কোন ত্রুটি করিবেনা । আমাদের স্বউপার্জিত অর্থে উক্ত সম্পত্তি যাহা নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত হইল তুমি যত্নের সহিত রক্ষনাবেক্ষন করিবে বলিয়াই আমরা মনে প্রাণে বিশ্বাস করি । তুমিই আমাদের পুত্রের দায়িত্ব পালন করিয়া আসিতেছ , সুতরাং যতদিন বাঁচিয়া থাকিব তোমারই নিকট আমরা থাকিব এবং আমাদের সেবাযত্নের কোন ত্রুটি তুমি করিবেনা , এই বিশ্বাসে আমাদের আছে । আমাদের উক্ত সম্পত্তি ব্যতীত তোমার বাসস্থানের অন্য কোন ব্যবস্থা নাই ইহাও আমরা জানি ।

এক্ষনে অত্র দানপত্র গ্রহিতা তুমি আমাদের অতিশয় ভক্তি শ্রদ্ধা ও সেবাযত্ন করিয়া আসিতেছ । তোমার ভক্তি শ্রদ্ধা ও সেবাযত্নে আমরা পরম প্রীত , তোমার মঙ্গল কামনাই আমাদের একমাত্র কাম্য । আমাদের একান্ত বাসনা আমাদের দান সূত্রে প্রাপ্ত সাবীল ৮২ নং জে.এল ভুক্ত মৌজা ফুলঝোড় , খতিয়ান নং ১৫২ দাগ নং ৪৮৯ বাস্তু উপযোগী পরিমান ১০ শতক ।

যায় তদুপরিস্থিত একতলাতে একটি গ্যারেজ ঘর , একটি বেড রুম , একটি ড্রইং রুম , ও তৎসংলগ্ন বারান্দা , ২টি কিচেন , একটি ডাইনিং , একটি টয়লেট , একটি স্টুডি এবং মেজে নাইন ফ্লোরে একটি অতিথি ঘরও সংলগ্ন ব্যালকনি , বাড়ির ছাদ , কুয়ো , সেপটিক ট্যাঙ্ক , ট্যাপের জল , ইলেকট্রিক ইত্যাদি সহ সম্পত্তি যাহার প্লিন্থ এরিয়া- ৯৬৬ বর্গফুট কভার এরিয়া -১২০০ বর্গফুট সহ তোমাকে নিব্যূঢ় স্বত্বে দান করিবার ইচ্ছা প্রকাশ করিয়া তোমাকে জ্ঞাত করাইলে তুমি আমাদের যৎসামান্য স্নেহের দান সাদরে গ্রহন করিতে ইচ্ছুক হওয়ায় আমরা অদ্যকার তারিখে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি তোমাকে নিব্যূঢ় স্বত্বে দান করিয়া দিয়া তাহা হইতে আমরা যায় আমাদের ওয়ারিশান ও স্থলাভিষিক্ত ক্রমে এককালীন চিরতরে নিঃস্বত্ববান ও দখলহীন হইলাম । তুমি অদ্য হইতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান ও মালিক দখলিকার হইয়া দি দুর্গাপুর মিউনিসিপ্যাল কর্পোরেশন ও অন্যান্য প্রয়োজনীয় স্থানে তোমার নিজ নাম পত্তন পূর্বক দান , বিক্রয় , বন্ধকাদি সর্বপ্রকার হস্তান্তরের অবাধ ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে যদৃচ্ছা পরম সুখে গৃহাদি নির্মান পূর্বক ভোগদখল করিতে থাক ।

তাহাতে আমরা যায় আমাদের ওয়ারিশান ............ পৃঃ ৬

ও স্থলাভিষিক্তগণক্রমে কেহ কস্মিনকালে কোন প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিব না ও পারিবে না, করিলেও তাহা সর্বত্র গণ আদালতে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য বলিয়া গণ্য হইবে।

অত্র দানকৃত সম্পত্তি আমরা ইতিপূর্বে কাহাকেও দান, বিক্রয় বন্ধক, বায়না, গ্রুপবিলি, চার্জ, সিকিউরিটি ইত্যাদির দ্বারা বা অন্য কোন প্রকারে হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই বা উহা কোন আদালত কর্তৃক নিলাম বিক্রয় হয় নাই বা ক্রোকাবদ্ধ নহে বা উহা ইতি পূর্বে কোন দেবসেবায় বা জনহিতকর কার্য্যে অর্পন করি নাই বা উক্ত সম্পত্তির দরুন কোন প্রকার মামলা মোর্কদ্দমার দায়ের বা চলতি নাই। সম্পূর্ণ নির্দায়, নির্দোষ অবস্থায় তোমাকে বিরূঢ় স্বত্বে দান করিয়া দিয়া দানকৃত সম্পত্তি হইতে চিরতরে নিঃস্বত্ববান হইলাম।

ভবিষ্যতে অত্র দলিলের কোনরূপ ভুল ভ্রান্তি প্রকাশ পাইলে তদ্জন্য যে কোন প্রকার সংশোধনী বা সাপ্লিমেন্টারী দলিল, এফিডেভিট করার আবশ্যক হইলে সেক্ষেত্রে আমি তোমার তবলমত উক্ত প্রকার দলিল যথারীতি সহি সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিব।

অত্র সহ দাখিলী নক্সায় প্রদর্শিত দক্ষিণ অংশে অবস্থিত - ৫(পাঁচ) ফুট ডানদিকে ৪(চার)ফুট, পিছন দিকে ১০(দশ)ফুট, বামদিকে ৪ + ৮ ফুট রাস্তার উপর দিয়া তুমি তোমার ওয়ারিশ- উত্তরাধিকারীক্রমে যানবাহনাদি সমেত অবাধ যাতায়াত করিবে এবং উক্ত রাস্তার উপর ও তলদেশ দিয়া তোমার নিজ দানকৃত সম্পত্তিতে, ইলেক্ট্রিক লাইন, টেলিফোন লাইন, জলের পাইপ, সারফেস ড্রেন ভবিষ্যতে যদি আন্ডার গ্রাউন্ড স্যুইয়ার ড্রেন হয় তাহা ইত্যাদি আনয়ন করিবার স্বত্বাধিকার সহ সর্বাধিক ইজমেন্ট স্বত্ব পরিচালনা করিতে পারিবে।

অত্র দানপত্র গ্রহিতা তুমি আমাদের যৎসামান্য স্নেহের দান সাদরে গ্রহণ করিয়া আমাদের মন বাসনা পূর্ণ করিলে। দানকৃত সম্পত্তির মূল্য ৫,০০,০০০: পাঁচ লক্ষ টাকা।

......পৃষ্ঠা - ৭

এতদর্থে সুস্থ শরীরে সরলমনে অন্যের বিনা অনুরোধে স্বেচ্ছায় অত্র দলিলের যাবতীয় মর্ম সম্যক অবগত হইয়া ও ভালোরূপে বুঝিয়া অত্র শুভ দানপত্র দলিল তোমার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিলাম। ইতি সন ইংরাজী ২০০১ সালের ২৬শে নভেম্বর মোতাবেক সন বাংলা ১৪০৮ সালের ১০ই অগ্রহায়ণ ।

-: তপশীল দানকৃত সম্পত্তির পরিচয় :-

জেলা বর্ধমান, সাব-রেজিস্ট্রারী অফিস দুর্গাপুর, থানা-বেহালা হাল ফুলঝোড়, সাবিক ৮২ নং জে.এল. ভুক্ত মৌজা ফুলঝোড় খতিয়ান নং ১৫২ ( একশত বাহান্ন ) দাগ নং ৪৮৯ চারশত উননব্বই বাস্তু উপযোগী জমির পরিমান ৫ শতক ৫ শতক মোট ১০(দশ ) শতক বা ৬ কাঠা ছয় কাঠা এবং তন্মধ্যেস্থিত ৩ কাঠা তিন কাঠা জমির উপরিস্থিত ১২০০ ( এক হাজার দুই শত) বর্গফুট পাকা গৃহাদি ১৯৯৩ সালে তৎকালিন দুর্গাপুর নোটিফায়েড এরিয়া -অথরিটির বিল্ডিং প্ল্যান অনুযায়ী তৈয়ারী, যাহা অধুনা দুর্গাপুর -মিউনিসিপ্যাল কর্পোরেশনের ২৫ নং ওয়ার্ড ভুক্ত, পোষ্টাল এ্যাড্রেস ফুলঝোড়, জহরলাল নেহেরু এভিনিউ, থানা এন.টি.পি.এস. দুর্গাপুর - ৭১৩২০৬ হইতেছে। ~~যাহা অত্র দলিল সংলগ্ন নকসায় লাল -রঙের রেখা দ্বারা চিহ্নিত~~ ।

.......পৃষ্ঠা - ৮

-: ৮ :-

অত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে । যাহার চৌহদ্দি :-

উত্তর : শ্রী নন্দ মল্লিক এর ফাঁকা জমি ।

পূর্বে : শ্রী প্রণব মল্লিক এর বাড়ি ।

পশ্চিম: শ্রী চিত্তরঞ্জন ঘোষ্ই এর বাড়ি ।

দক্ষিণ : জহরলাল নেহেরু এভিনিউ ।

সাক্ষী :-

অত্র দলিলে লিখিত সম্পত্তি
দান স্বরূপ গ্রহণ করিলাম ।

-----------------------------
দানপত্র গ্রহীতার স্বাক্ষর

দলিল দৃষ্টে ও
দানপত্র দাতাগণের কথামত
দলিল খানি প্রস্তুত করিলাম ও
দাতাগণকে দলিলের মর্ম অবগত করাইলাম ।
প্রস্তুতকারক ও লেখক ।

Somnath Banerjee
Adv

786/786 of 1990

টাইপকারক ।
উমাশংকর সেন
উমাশংকর সেন ।
দুর্গাপুর-১৬

1959

Addl. Dist Sub-Registrar
Durgapur, Dist-Burdwan

26 NOV 2001

Book No - I
Vol No - 82
Pages - 57
Being No - for 2002

Addl. Dist Sub-Registrar
Durgapur, Dist-Burdwan

07 JAN 2002